

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.২০১.২৫.০১২.২০-২৮৭

তারিখঃ

০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয়ঃ ১৩৪তম, ১৩৫তম এবং ১৩৬তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ।

সূত্রঃ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.২৫.০০৫.২৩-১১, তারিখঃ ০২-০৮-২০২৩খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সের ০৩টি (১৩৪তম, ১৩৫তম ও ১৩৬তম) ব্যাচ আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরে (কোর্স শুরুর সম্ভাব্য সময় অক্টোবর ২০২৩) প্রাণিসম্পদ অধিদপ্তরধীন বিসিএস লাইভস্টক একাডেমি-এর মসজিদ সংলগ্ন মাঠ, সাভারে অনুষ্ঠিত হবে।

২। বর্ণিত ০৩টি ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে বিসিএস (প্রশাসন), বিসিএস (পুলিশ), বিসিএস (বন), বিসিএস (রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কর্মকর্তাগণের মধ্য হতে নবীন সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), সহকারী পুলিশ সুপার, সহকারী/সিনিয়র সহকারী জজ পর্যায়ের কর্মকর্তাগণের নামের তালিকা (সফট কপি) নির্ধারিত ছক অনুযায়ী আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে শুধুমাত্র ই-মেইলে (it2@mopa.gov.bd), প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক	পরিচিতি নম্বর	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল	ব্যাচ	সেলফোন	মন্তব্য

৩। উল্লেখ্য, উক্ত তালিকা পাওয়ার পর এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ৫৮দিন।


(মো: জাহাঙ্গীর হোসেন)
যুগ্মসচিব
ফোনঃ ০২-২২৩৩৮৯২৩৪
it2@mopa.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সিনিয়র সচিব/সচিব ----- (সকল);
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ;
- ৪। জেলা প্রশাসক ----- (সকল);
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।